



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৮/০৩/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতার বরিশাল বিভাগ আঞ্চলিক পর্ব

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হলো জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭ এর বরিশাল বিভাগ আঞ্চলিক পর্ব। অদ্য ১৮ মার্চ ২০১৭ তারিখ সকাল ৯ টায় অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমমুল হক এবং বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান জাতীয় পতাকা উত্তোলণ এবং বেলুন উড়িয়ে জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭ শুভ উদ্বোধন করেন। উদ্বোধন শেষে প্রতিযোগিদের উদ্দেশ্যে প্রধান অতিথি উপাচার্য মহোদয় বলেন, তোমাদের মধ্য হতেই ভবিষ্যতের প্রোগ্রামাররা বেড়িয়ে আসবে। তাই এখন থেকেই আইসিটি বিষয়ে তোমাদেরকে দক্ষ হতে হবে। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে এবং আগামী ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ একটি উন্নত দেশে পরিনত হবে, আর এ লক্ষ্যে তথ্য প্রযুক্তিতে দেশকে এগিয়ে নেয়ার নিমিত্তে নিরলস কাজ করে যাচ্ছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশেরত্ত শেখ হাসিনা এবং তাঁর সুযোগ্য সত্ত্বান ডিজিটাল বাংলাদেশ বিনির্মানের রূপকার সজীব ওয়াজেদ জয়। জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০১৭ এর বরিশাল বিভাগ আঞ্চলিক পর্ব আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়কে ভেন্যু হিসেবে নির্বাচন করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রানালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সংশ্লিষ্ট সবার প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আরও বলেন এ ধরনের আয়োজন যত বেশি অনুষ্ঠিত হবে তত বেশি শিক্ষার্থীদের প্রোগ্রামিং এর প্রতি আগ্রহ বৃদ্ধি পাবে। কম্পিউটার সায়েস এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান রাহাত হোসাইন ফয়সালের সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রোগ্রামিং প্রতিযোগিতায় আরও উপস্থিত ছিলেন বিশেষ অতিথি বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, প্রফেসর মো. শফিউল আলম, ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান সাখাওয়াত হোসেন, পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সমীরন রায়, পদার্থ বিজ্ঞান বিভাগের প্রভাষক লোকমান হোসেন, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. আবু জাফর মিয়া এবং সিএসই বিভাগের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীরা। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রানালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েস এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের যৌথ আয়োজনে এ প্রোগ্রামিং প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বরিশাল বিভাগের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় সহস্রাধিক প্রতিযোগি এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি ও দর্শন বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সার।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রঞ্জি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)